

স্মারক নং-৩১.৪৬.৯০৫০.০০০.০৭.০০২.২৪- ৭৮৮

তারিখঃ ২০ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ

খাস কালেকশনের জন্য আবেদন দাখিলের বিজ্ঞপ্তি-০১

এতদ্বারা সুনামগঞ্জ জেলার সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় জামালগঞ্জ উপজেলাধীন ২০ একরের উর্কে নিম্নবর্ণিত জলমহাল/জলাশয়গুলোর ১৪৩১ বাংলা সনে ইজারা প্রদান করা সম্ভব না হওয়ায় জেলা প্রশাসক, সুনামগঞ্জ মহোদয়ের (রাজস্ব) শাখার ২৯/০৮/২০২৪ খ্রিঃ তারিখের- ১৩৪১ নং স্মারক ও উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ মহোদয়ের ০২/০৯/২০২৪ খ্রিঃ তারিখের-৩৯৩ নং স্মারক মূলে নিম্নবর্ণিত জলমহালগুলো ১৪৩১ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০ শে চৈত্র পর্যন্ত) জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আলোকে রাজস্ব আদায়ের স্বার্থে খাস কালেকশনে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে জলমহালের মূল্য উল্লেখপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।
উল্লেখ্য যে, বিজ্ঞপ্তি উপজেলা ভূমি অফিস, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর ওয়েব সাইট (www.acl.jamalganj.sunamganj.gov.bd) তে পাওয়া যাবে।


দরপত্র বাস্তব আবেদন দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময়	মন্তব্য
তারিখঃ ১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ রোজঃ বুধবার সকাল- ০৯ ঘটিকা হতে বেলা- ১.০০ ঘটিকা পর্যন্ত।	তারিখঃ ১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ রোজঃ বুধবার বেলা-২.০০ ঘটিকায়	দরপত্র বাস্তব আবেদনকারীদের উপস্থিতিতে খোলা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)।

খাস কালেকশনযোগ্য জেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন জলমহাল সমূহ

ক্রম	উপজেলার নাম	জলমহালের নাম	মৌজা/জে এল নং	পরিমাণ (একরে)	বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য	সরকার নির্ধারিত ইজারামূল্য ৫% বর্ধিত হারে	মন্তব্য
০১	জামালগঞ্জ	পুটিয়া বিল ও রৌয়া বিল	নিধিপুর-১১৬	২০.২৮	৬৭,৮৯৭/-	৭১,২৯২/-	
০২		কামজিরা পাইনতলা	হটামারা-১১৭	৮৯.৫৪	১০,৯২,৯১৭/-	১১,৪৭,৫৬৩/-	
০৩		বড় বিল প্রকাশিত খড়িয়ার বিল	রাধানগর-১৫	৮২.৪৫	১,৭১,৪৯৯/-	১,৮০,০৭৪/-	

শর্তাবলী

- ০১। ১৪৩১ বাংলা সনের অবশিষ্ট সময়ের (অর্থাৎ ৩০ শে চৈত্র/১৪৩১ পর্যন্ত) খাস কালেকশনের জন্য আবেদনকারীকে সাদাকাগজে ২০/- কোর্ট ফি সম্বলিত আবেদনে আবেদনকারীর নাম, ঠিকানা, জলমহালের নাম ও খাস মূল্য উল্লেখ পূর্বক নিম্ন স্বাক্ষরকারী বরাবর সীলগালা অবস্থায় মুখবন্ধ খামে আবেদন করতে হবে।
- ০২। আবেদনের সাথে উদ্ধৃত দরে ২০% জামানত (ফেরতযোগ্য) হিসেবে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার, সহকারী কমিশনার (ভূমি), জামালগঞ্জ, সুনামগঞ্জ বরাবরে দাখিল করতে হবে।
- ০৩। আবেদনে উল্লেখিত মূল্যের সাথে সর্বোচ্চ দরদাতাকে সরকার নির্ধারিত ভ্যাট বাবদ ১৫% ও উৎস কর বাবদ ১০% পরিশোধ করতে হবে।
- ০৪। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ব্যক্তির নিকট সরকারী পাওনা বকেয়া থাকলে তিনি খাস কালেকশনের জন্য আবেদন করতে পারবেন না।
- ০৫। খাস কালেকশনের জন্য বন্দোবস্তকৃত/ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশ স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না, যাতে ফৌজধারী কার্যবিধির ১৩৩ অথবা ১৯৫০ সনের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।
- ০৬। যে সকল জলমহাল থেকে (নদী, হাওর, খাল ইত্যাদি) জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে। সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যে সকল বন্ধ জলমহাল খাস কালেকশনের জন্য বন্দোবস্ত/ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম গ্রহণ করা যাবে।
- ০৭। কোন অবস্থাতেই খাস কালেকশনের সময় জলমহাল শুকিয়ে মাছ ধরা যাবে না এবং মা মাছ নিধন করা যাবে না।
- ০৮। ইতিমধ্যে কোন জলমহাল কোন আদালত বা উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার নিষেধাজ্ঞা/স্বগিতাদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।
- ০৯। আবেদনে কোন প্রকার ঘষামাজা/কাটাকাটি/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ১০। কর্তৃপক্ষ যে কোন সময় খাস কালেকশনের বিজ্ঞপ্তি/খাস কালেকশনের কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।


৪/৯/২৪
(মুশফিকীন নূর)

সহকারী কমিশনার (ভূমি) (অঃ দাঃ)

ও

সভাপতি

উপজেলা জলমহাল খাস আদায় কমিটি

জামালগঞ্জ, সুনামগঞ্জ।

aclandjamalganj@gmail.com


=০২=

স্মারক নং-৩১.৪৬.৯০৫০.০০০.০৭.০০২.২৪- ৭৮৮ (২০)

তারিখঃ ২০ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ০১। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
- ০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।
- ০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ০৫। উপজেলা মৎস্য অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
- ০৬। চেয়ারম্যান, ----- (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ। (বহল প্রচার এবং ১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখ বেলা ০২.০০ ঘটিকায় উপস্থিত থাকার অনুরোধসহ)
- ০৭। উপ-সহকারী কৃষি কর্মকর্তা..... (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ। (বহল প্রচার এবং ১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখ বেলা ০২.০০ ঘটিকায় উপস্থিত থাকার অনুরোধসহ)
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সাচনা/ভীমখালী, জামালগঞ্জ, সুনামগঞ্জ। (বহল প্রচার এবং ১১ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিঃ তারিখ বেলা ০২.০০ ঘটিকায় উপস্থিত থাকার অনুরোধসহ)



(মুশফিকীন নূর)

সহকারী কমিশনার (ভূমি) (অঃ দাঃ)

ও

সভাপতি

উপজেলা জলমহাল খাস আদায় কমিটি

জামালগঞ্জ, সুনামগঞ্জ।

aclandjamalganj@gmail.com